



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন  
(সাধারণ শাখা)

ডিওএস সার্কুলার লেটার নং- ০৮

তারিখ : ২৭ জৈষ্ঠ, ১৪২২  
১০ জুন, ২০১৫

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

হিজরী ১৪৩৬ (খ্রিস্টাব্দ ২০১৫) সনের পবিত্র রমজান মাসে অফিস ও লেন-দেনের সময়সূচী নির্ধারণ প্রসঙ্গে

হিজরী ১৪৩৬ সনের (খ্রিস্টাব্দ ২০১৫) পবিত্র রমজান মাসে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানীর অফিস ও লেন-দেনের সময়সূচী হবে নিম্নরূপঃ

কার্যদিবস	অফিস সময়সূচী	লেন-দেনের সময়সূচী
রবিবার হতে বৃহস্পতিবার	সকাল ০৯.৩০ মিঃ হতে বেলা ০৪.০০ মিঃ পর্যন্ত (বেলা ০১.১৫ মিঃ হতে ০১.৩০ মিঃ পর্যন্ত যোহরের নামাজের বিরতি)।	সকাল ০৯.৩০ মিঃ হতে বেলা ০২.৩০ মিঃ পর্যন্ত।
শুক্রবার ও শনিবার	সাপ্তাহিক ছুটি	-

যোহরের নামাজের জন্য ০১.১৫ মিঃ হতে ০১.৩০ মিঃ পর্যন্ত বিরতি নির্ধারণ করা হলেও রমজান পূর্ব সময়ের ন্যায় নিয়মানুযায়ী অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে লেন-দেনের কাজ অব্যাহত থাকবে।

পবিত্র রমজান মাস অতিবাহিত হওয়ার পর ব্যাংকের অফিস ও লেন-দেনের সময়সূচী রমজান পূর্বাবস্থায় ফিরে আসবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-  
(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২০৭